

২০১১

বাংলা

তৃতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

- ১। 'টালত মোর ঘর নাহি পড়বেষী'—পদটিতে বর্ণিত গুঢ় সাধনতত্ত্বটি ও সমান্তরাল ভাবে বর্ণিত বাচ্যার্থটি বর্ণনা করো। ১৬

অথবা

চর্যাপদের পাঠ্যপদগুলি অবলম্বনে সহজিয়া বৌদ্ধধর্মের সাধনতত্ত্বটি ব্যাখ্যা করো।

- ২। 'বংশী খন্ড' অবলম্বনে কৃষ্ণগতপ্রাণা রাধার চরিত্রটি বিশ্লেষণ করো। ১৬

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তনের যেখানে শেষ, পদাবলী সাহিত্যের সেখানে আরম্ভ — 'রাধাবিরহ' অবলম্বনে মন্তব্যটির যথার্থ্য বিশ্লেষণ করো।

(Turn Over)

- ৩। 'চৈতন্যচরিতামৃত' কাব্য (মধ্যলীলা অষ্টম পরিচ্ছেদ) অবলম্বনে 'অচিন্ত্য ভেদাভেদবাদ' তত্ত্ব সম্পর্কে আলোচনা করো। ১৮

অথবা

টীকা লেখো (যে কোন দুইটি) :

কৃষ্ণদাস কবিরাজ ; প্রেমবিলাস বিবর্ত ; বৈষ্ণব পঞ্চরস ; স্রায়ী-রামানন্দ।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

- ৪। পাঠ্যপদ অবলম্বনে কবি বিদ্যাপতির কবি প্রতিভার পরিচয় দাও। ১৬

অথবা

১১
'রূপলাগি আঁখি বুঝে' পদটিতে পদকর্তার রূপের প্রতি অনুরাগের যে পরিচয় পাওয়া যায়, তার স্বরূপ বিশ্লেষণ করো। ১৬

- ৫। 'চণ্ডীমঙ্গল' কাব্যকে কি উপন্যাসের লক্ষণাক্রান্ত বলা যায় ? যুক্তি দিয়ে তোমার বক্তব্য প্রতিষ্ঠা করো। ১৬

অথবা

'ফুল্লরার বারমাস্যা' অংশটিতে দারিদ্র্যের যে চিত্র ফুটে উঠেছে তা কতটা বাস্তব ? আলোচনা করো। ৪+১২

- ৬। 'পদ্মাবতী' কাব্য অনুবাদ হলেও মৌলিকতায় ভাস্কর—আলোচনা করো। ১৮

অথবা

'পদ্মাবতী' কাব্য অবলম্বনে আলাওলের চরিত্র সৃষ্টির দক্ষতা বিচার করো।